



# আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৫৬

সকল পতিত জমিকে চাষাবাদের আওতায় আনতে হবে  
... সিলেটে কৃষি উপদেষ্টা

সিলেট, মঙ্গলবার, ১১ অগ্রহায়ণ (২৬ নভেম্বর):

কৃষি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম বলেছেন, সকল পতিত জমিকে চাষাবাদের আওতায় আনতে হবে। আজ ২৬ নভেম্বর মঙ্গলবার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সিলেট অঞ্চলের অতিরিক্ত পরিচালকের সভাকক্ষে এ অঞ্চলে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থার কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। এসময় কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, বিভাগীয় কমিশনার আবু আহমদ ছিদ্দীকী, এনডিসিসহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কৃষি উৎপাদন বাড়াতে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-পৃষ্ঠের উপরের (সারফেস) পানি ব্যবহার বাড়ানোর উপর গুরুত্বারোপ করে উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম বলেন, কৃষিতে প্রকল্প নেওয়ার ক্ষেত্রে কৃষকের লাভ, কৃষির উন্নতি ও ফলন বাড়ানোর বিষয়কে প্রাধান্য দিতে হবে। এ বিষয়ে সকলকে নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান তিনি।

জনসংখ্যা বাড়ছে, কৃষি জমি কমছে। তারপরও ১৮ কোটি লোককে খাওয়ানোর কৃতিত্ব কৃষক, কৃষিবিদ, গবেষক ও কৃষি সংশ্লিষ্ট সবার উল্লেখ করে উপদেষ্টা বলেন, ধান গবেষণা ইনস্টিটিউটের কারণে ধানের উৎপাদন বেড়েছে। ধানের উৎপাদনের সময় ১২০ দিনের পরিবর্তে কীভাবে ১০০ দিনে আনা যায় সে বিষয়ে কাজ করার জন্য ধান গবেষণা ইনস্টিটিউটকে নির্দেশনা দেন তিনি।

কৃষি যন্ত্রপাতি ক্রয় করার ক্ষেত্রে যেন কোন দুর্নীতি না হয় সে বিষয়ে সতর্ক করে দিয়ে লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম বলেন, আপাতত সারের কোন সংকট নাই। বীজেরও সংকট হবে না। কৃষক যাতে পরামর্শ, সার, বীজ ও পানি ঠিকমতো পায় সে ব্যাপরে সজাগ থাকতে হবে। তিনি আরো বলেন, রাসায়নিক সারের ব্যবহার পরিমিত পরিমাণে করতে হবে। জৈব সার ব্যবহার বাড়াতে হবে।

উপদেষ্টা বলেন, বাজারে কৃষি পণ্যের মূল্য সঠিকভাবে মনিটরিং করতে হবে। কৃষি বিষয়ক সকল পরিসংখ্যান যেন নির্ভরযোগ্য ও সঠিক হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। উপদেষ্টা বলেন, কৃষি জমি কোন ভাবেই কমানো যাবে না। কৃষি বিষয়ক যে কোন প্রকল্প বাস্তবায়নে এ বিষয়টি সর্বাধিক গুরুত্ব দিতে হবে।

#

মাসুদ/ডলি/২০২৪/২১:০৫ ঘণ্টা

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ : ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com